তারিখ 17 JUL 2016
পৃষ্ঠা 8 কলাম 6

সংবাদ

# ২০ জুলাই থেকে এমপিওভুক্ত শিক্ষাপ্রতিষ্ঠানে শূন্যপদে আবেদন

নিজস্ব বার্তা পরিবেশক

এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানে শূন্য পদের নিয়োগ প্রত্যাশীদের আগামী ২০ জুলাই থেকে ১০ আগস্টের মধ্যে প্রতিষ্ঠান পরিচালনা পরিষদ বরাবর আবেদন আহ্বান করা হয়েছে।

গতকাল এনটিআরসি'র এক গণবিজ্ঞপ্তিতে এ তথ্য প্রকাশ করে আগ্রহীদের ২০ জুলাই থেকে ১০ আগস্টের মধ্যে অনলাইনে আবেদন করতে বলা হয়েছে। প্রাপ্ত সকল আবেদন বিধি-বিধানের আলোকে মেধার ভিত্তিতে বাছাইপূর্বক এনটিআরসিএ থেকে প্রতিটি পদের বিপরীতে চূড়ান্তভাবে একজনকে নিয়োগের জন্য সুপারিশ করে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল-কলেজ-মাদ্রাসা) ব্যবস্থাপনা/পরিচালনা কমিটির নিকট প্রেরণ করবে বলে বিজ্ঞপ্তিতে বলা হয়। বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানে এন্ট্রি লেভেলে শিক্ষক নিয়োগের জন্য নিবন্ধন পরীক্ষায় উত্তীর্ণদের জন্য পূরণযোগ্য ১৫ হাজারেরও বেশি শিক্ষক পদ পূরণের জন্য চাহিদা পেয়েছে বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)। বিজ্ঞপ্তিতে আরও বলা হয়, যে সকল শিক্ষা প্রতিষ্ঠান এখনও শূন্য পদ পূরণের চাহিদা পেশ করতে পারেনি তারা শীঘ্রই পরবর্তী পর্যায়ে চাহিদা পেশ করতে পারবে।